

টেলিটক বাংলাদেশ লিমিটেড

(Teletalk Bangladesh Ltd.)

বাড়ি নং: ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং: ১৭, গুলশান-১, ঢাকা-১২১২

(রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, লেভেল-১০)



নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: ১৪.৩৫.০০০০.০২০.১১.১০১.২১.৪৪

তারিখ: ০৯/০৬/২০২২ খ্রি.

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন টেলিটক বাংলাদেশ লিমিটেড (টিবিএল)-এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য	মাসিক বেতন
সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল)	০৮ (আট)	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি (কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি	কোম্পানির বেতন কাঠামো গ্রেড-৯ (২৫,৫০০/- - ৪৮,১৫০/-)

অন্যান্য তথ্যাবলিঃ

- ১। যে সকল প্রার্থী গ্রেডিং সিস্টেমে পাশ করেছেন তাদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০ (পাঁচ) পেতে হবে এবং স্নাতকে সিজিপিএ ৪.০ (চার) স্কেলে ন্যূনতম ৩.০ (তিন) থাকতে হবে।
- ২। বৈদেশিক ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ডিগ্রি এবং গ্রেডের সমতুল্য মূল সনদসহ অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যান্য প্রার্থীগণের ক্ষেত্রেও মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি দাখিল করতে হবে।
- ৩। আবেদনকারীর বয়স ৩০ জুন ২০২২ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর।
- ৪। আগ্রহী প্রার্থীগণ <https://teletalk.com.bd/en/about/career> লিংক অথবা টেলিটকের ওয়েবসাইট (jobs.teletalk.com.bd) হতে অনলাইনে আবেদন করবেন। পরবর্তীতে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে টেলিটকের প্রি-পেইড মোবাইলের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ১,০০০/= (এক হাজার) টাকা প্রদান করতে হবে। প্রার্থীগণ আগামী ১২ জুন ২০২২ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ৩০ জুন ২০২২ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫। প্রার্থীগণকে অনলাইন আবেদনপত্রে তার স্ক্যানকৃত পাসপোর্টে আকৃতির ছবি (৩০০x৩০০ পিক্সেল) এবং স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল) আপলোড করতে হবে।
- ৬। কোনো প্রার্থী অন্য কোনো সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত থাকলে কর্তৃপক্ষের অনাপত্তি/ছাড়পত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- ৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। টেলিটক কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- ৯। এসএমএস / ই-মেইল এর মাধ্যমে পরীক্ষার সময়সূচি ও স্থান জানানো হবে।

স্বাক্ষরিত

মহাব্যবস্থাপক (প্রশাসন)

টেলিটক বাংলাদেশ লিমিটেড